একদা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমার নিকট এলেন এবং একটি ঝুলন্ত মশকের মুখ থেকে দাঁড়িয়ে পানি পান করলেন। সুতরাং আমি উঠে তার (মশকের) মুখটা কেটে নিলাম।

উম্মে সাবেত কাবশাহ বিনতে সাবেত, হাসসান ইবনে সাবেতের ভগিনী (রাদিয়াল্লাহু ‘আনহুমা)
হতে বর্ণিত, তিনি বলেন, একদা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমার নিকট এলেন এবং একটি ঝুলন্ত মশকের মুখ থেকে দাঁড়িয়ে দাঁড়িয়ে পানি পান করলেন। সুতরাং আমি
উঠে তার মুখটা কেটে নিলাম। [সহীহ] [এটি ইবন মাজাহ বর্ণনা করেছেন। - এটি তিরমিযী বর্ণনা করেছেন। - এটি আহমাদ বর্ণনা করেছেন।]

কাবশাহ বিনতে সাবেত রাদিয়াল্লাহু ‘আনহা থেকে বর্ণিত, একদা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমার নিকট এলেন এবং একটি ঝুলন্ত মশকের মুখ থেকে দাঁড়িয়ে পানি পান করলেন; কেননা তখন এভাবে দাঁড়িয়ে পান করা ছাড়া অন্য কোনো উপায় ছিল না। তিনি বলেন, তখন আমি উঠে ঐ অংশটা কেটে নিলাম। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যে স্থান দিয়ে পান করেছেন সে স্থানটা সংরক্ষণ করে বরকত নেওয়ার জন্য এবং সে স্থানকে যাবতীয় অপমান থেকে রক্ষা করার জন্য।

https://sunnah.global/hadeeth/bn/show/4301